# তোমার জীবনে পিতা-মাতার ভূমিকা

পিতা-মাতা হচ্ছেন আমাদের জীবনের প্রকৃত পথপ্রদর্শক। তারা নিঃস্বার্থভাবে আমাদের জন্য সবকিছু ত্যাগ করেন। আমার জীবনে বাবা-মায়ের ভূমিকা অপরিসীম। তারা শুধু আমার জন্মদাতা ও জন্মদাত্রীই নন। আমার প্রথম শিক্ষক ও শিক্ষিকা, পরামর্শদাতা এবং সবচেয়ে বড় সমর্থক। আমার মা আমাকে যে অসীম ধৈর্য্য ও মমতা দিয়ে লালন-পালন করছেন, তা ভাষায় প্রকাশ করার মতো নয়। প্রতিদিন ভোর থেকে রাত পর্যন্ত তিনি আমার সুখ-স্বাচ্ছন্দ্যের জন্য কাজ করেন। আর আমার বাবা হচ্ছেন আমার জীবনের দিকনির্দেশক, যিনি আমাকে সততা, শৃঙ্খলা এবং কঠোর পরিশ্রমের গুরুত্ব শিখিয়েছেন। স্কুলের প্রজেক্ট হোক বা জীবনের কোনো সমস্যা, বাবা সবসময় আমাকে সঠিক পথ দেখান। তারা নিজেদের সুখ-স্বাচ্ছন্দ্য বিসর্জন দিয়ে আমার শিক্ষা ও ভবিষ্যত গড়ার জন্য নিরলস পরিশ্রম করেন। আমি যখন কোনো প্রতিযোগিতায় অংশগ্রহণ করি, তারা আমার সবচেয়ে বড় উৎসাহদাতা হয়ে থাকেন। ব্যর্থ হলেও তারা আমাকে সান্ত্বনা দেন, আবার সাফল্য পেলে সবচেয়ে আগে তারা গর্ববোধ করেন। পিতা-মাতার এই ত্যাগ ও ভালোবাসা আমাকে একজন ভালো মানুষ হিসেবে গড়ে তুলতে সাহায্য করবে। আমি বিশ্বাস করি, তাদের এই অবদান কখনই ভোলার নয়। তাদের স্নেহ-মমতা-ভালোবাসা ও নির্দেশনাই আমাকে জীবনের প্রতিটি ধাপে এগিয়ে যেতে সাহায্য করছে এবং

ভবিষ্যতে করবে।